সোনার বাংলা ইলেকট্রিক
মোবাইল- 9002856907
এখানে যাবতীয় ইলেকট্রিক সরঞ্জাম পাইকারী ও খুচরা পাওয়া যায়
কোর্ট রোর্ড, দিঘীর পাড়, বনগাঁ, উত্তর ২৪ পরগণা

আমাদের অনলাইন পেজ
আপডেট পেতে স্ক্যান করুন

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Rgn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 5 ❑ Issue 22 ❑ 19 Aug. 2021 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# ফের প্রকাশ্যে বিজেপি'র দলীয় কোন্দল; প্রশ্ন করতেই মেজাজ হারালেন শুভেন্দু





বাঁদিকে বনগাঁর মতিগঞ্জে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সম্বর্ধনা সভা, মাঝে জেলার সহসভাপতি জ্ঞান প্রকাশ ঘোষ ও শেষে সভাপতি মনষ্পতি দেব। ছবি ঃ প্রতিবেদক

**সার্বভৌম সমাচার ঃ** গত বিধানসভা ভোটের পর থেকেই একাধিক দলীয় কার্য্যক্রম থেকে বিরত থাকছেন বিজেপি'র কিছু নেতা-বিধায়কেরা। এবিষয়ে দলীয় নেতৃত্বের কাছে প্রশ্ন করলে উঠে আসছে একাধিক অজুহাত। কিন্তু সবকিছু ছাড়িয়েও যেন প্রকাশ্যে চলে আসছে বিজেপির 'গোষ্ঠী কোন্দল'।

বৃহস্পতিবার সন্ধ্যায় বনগাঁর মতিগঞ্জ এলাকায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের সম্বর্ধনা সভায় আসেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কিন্তু এদিনের সভাতেও অনুপস্থিত ছিলেন বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি মনস্পতি দেব ও বাগদার বিধায়ক বিশ্বজিৎ দাস। যা নিয়ে তোলপাড় শুরু হয় বিজেপির অন্দরে। সেখানেই দলের সাংগঠনিক জেলা সভাপতির অনুপস্থিতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নে মেজাজ হারিয়ে ফেলেন শুভেন্দুবাবু। উত্তেজিতভাবে বলেন "এটা আপনাদের দেখতে হবে না। আমাদের বিষয় আমরা দেখে নেবো।"

তবে বিক্ষুব্ধ কিছু বিজেপি কর্মীরা অবশ্য জানিয়েছেন, জেলা সভাপতি মনস্পতি দেবের সঙ্গে সাংসদ শান্তনু ঠাকুরের দল পরিচালনা নিয়ে দূরত্ব বেড়েছে। সে কারণেই তাদের অনুগামীরা একে অপরকে এড়িয়ে চলছে। যদিও এ প্রসঙ্গে দলের রাজ্যের সহ-সভাপতি



বিশ্বপ্রিয় রায় চৌধুরী বলেন, "মনস্পতি দেবের সঙ্গে আমার কথা হয়েছে। তিনি অসুস্থ। বিধায়ক বিশ্বজিৎ দাস ব্যক্তিগত কাজে ব্যস্ত রয়েছে"। তবে নেতারা এ কথা বললেও অস্বস্তি এড়াতে পারছেন না দলীয় নেতৃত্ব।

কেন্দ্রে জাহাজ দপ্তরের প্রতিমন্ত্রী হওয়ার পর বনগাঁয় সম্বর্ধনা সভাতে এসে শান্তনু ঠাকুর বলেন, "একজন কেন্দ্রীয় মন্ত্রীকে দু ঘণ্টা আটকে রাখা হল। এটা সংবিধান লংঘন করা। রাজ্যে আইনের শাসন নেই"। এদিন তিনি আরও বলেন "সন্ত্রাসে ভয় পাবেন না। আমি আপনাদের পাশে আছি"। এছাড়াও এদিন দুপুরে শহীদ স্মরণ যাত্রা করেন শান্তনু। গাইঘাটার জলেশ্বর শিব মন্দিরে পুজোও দেন তিনি। তারপর সাংবাদিকদের বলেন, "সি এ এ আগামী তৃতীয় পাতায়...

## পৌর-প্রশাসকের পর বনগাঁ শহর তৃণমূল সভাপতির পদ থেকেও সরানো হল শংকর আঢ্যকে

**সার্বভৌম সমাচার ঃ** বনগাঁ পৌরসভার পৌর প্রধানের পদের পর এবার বনগাঁ শহর তৃণমূল সভাপতি পদ থেকে সরানো হল



শংকর আঢ্যকে। বনগাঁ শহর তৃণমূল কংগ্রেসের নতুন সভাপতি হলেন বর্ষিয়ান রাজনৈতিক দিলীপ দাস। নতুন সভাপতির নাম ঘোষনার পরই নতুন সভাপতি দিলীপ দাসকে ফোন করে অভিনন্দন জানান বিদায়ী সভাপতি শঙ্কর আঢ্য। দিলীপ বাবু জানান, "মান অভিমান ভুলে সবাইকে একসঙ্গে দলের হয়ে কাজ করতে হবে। সামনেই পুর নির্বাচন। গত নির্বাচনগুলিতে বনগাঁ শহর অনেকটাই পিছিয়ে রয়েছে। সেই হারানো জমি পুণ:রুদ্ধারই এখন প্রধান লক্ষ্য।"

বনগাঁর কংগ্রেস বিধায়ক প্রয়াত ভূপেন শেঠের হাত ধরে সরাসরি রাজনীতিতে তৃতীয় পাতায়...

## জেলা জুড়ে বড়ষড় রদবদল; জেলা সভাপতির পদ থেকে সরানো হল জ্যোতিপ্রিয় মল্লিককে

**সার্বভৌম সমাচার :** তৃণমূলে বড়ষড় রদবদল। কার্যকরী হল দীর্ঘদিনের 'একব্যক্তি, একপদ' নীতি। সোমবার আনুষ্ঠানিকভাবে



সিদ্ধান্তের ঘোষণা অনুযায়ী উত্তর ২৪ পরগনা জেলার সভাপতির পদ থেকে সরে যেতে হলো রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে।

তৃণমূল দল সূত্রে খবর, সাংগঠনিক কাজের সুবিধার জন্য এক রাজ্যের একটি জেলাকে একাধিক ভাগে ভাগ করা হয়েছে। সেই অনুযায়ী উত্তর ২৪ পরগনাকে বনগাঁ, বসিরহাট, বারাসত এবং ব্যারাকপুর এই চারটি ভাগে ভাগ করা হয়েছে। নতুন বনগাঁ সাংগঠনিক জেলার দায়িত্ব পেয়েছেন আলোরানী সরকার। বসিরহাট সাংগঠনিক জেলার দায়িত্ব পেয়েছেন সরোজ ব্যানার্জি। তৃতীয় পাতায়...

## মহকুমা শাসকের দপ্তরে সামনে পড়ে করোনা ভ্যাকসিনের ফাকা ভায়েল, সিরিঞ্জ, প্রশ্ন বাসিন্দাদের

সার্বভৌম সমাচার ঃ মহকুমা শাসকের দপ্তরের সামনে ছড়িয়ে ছিটিয়ে পড়ে রয়েছে করোনা ভ্যাকসিনের ফাঁকা ভায়েল ও ব্যবহারিত সিরিঞ্জ। যা দেখে দাঁড়িয়ে পড়লেন পথচলতি মানুষ। কিভাবে এগুলি এলো তা নিয়ে নিয়ে প্রশ্ন তুলছেন বাসিন্দারা। বুধবার দুপুরে ঘটনাটি ঘটেছে বনগাঁ মহকুমা শাসকের অফিসের সমনে। বাসিন্দারা জানিয়েছেন, মহকুমা শাসকের দপ্তরের একদিকে তৃতীয় পাতায়...

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI



সভাপতি হিসাবে নাম ঘোষণা হওয়ার পর দিলীপ দাস। ছবি ঃ নিজস্ব

## পুরোহিত, ঢাকি ও মৃৎ শিল্পীদের ভ্যাকসিন দিল পৌরসভা

সার্বভৌম সমাচার ঃ মাস দেড়েক বাদে দুর্গাপুজো। হাজার হাজার বাঙালি মেতে উঠবেন উৎসবে। শারীরিক দূরত্ব মুছে যেয়ে ফের করোনা ছড়িয়ে পড়ার আশংকা থাকছে। তাই এবার পুরপ্রশাসনের পক্ষ থেকে আগেভাগে ব্যবস্থা নেয়া হলো। পুরোহিত, ঢাকি ও মৃৎ শিল্পীদের ভ্যাকসিন দেওয়ার ব্যবস্থা করল বনগাঁ পৌরসভা। বৃহস্পতিবার চতুর্থ পাতায়...

LIC
কর্মসংস্থান
LICI তে এজেন্ট নিয়োগ চলছে
স্টাইপেন্ড- ৫০০০ টাকা তৎসহ কমিশন।
উজ্জ্বল চন্দ (ডেভেলপমেন্ট অফিসার)
যোগাযোগ- ৭৯০৮৬২৯৪৬২ / ৯৯৩২৭২৯০৯৫

স্থানীয় নির্ভীক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৫ ❐ সংখ্যা ২২ ❐ ১৯ আগস্ট, ২০২১ ❐ বৃহস্পতিবার

## উত্তর ২৪ পরগণা, মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার কয়েকটি অংশে ১৫ ও ১৮ আগস্ট স্বাধীনতা দিবস পালন; নেপথ্য ইতিহাস

১৯৪৭ সালের ১৫ই আগস্ট সারা ভারতবর্ষ যখন স্বাধীনতার আনন্দে মত্ত তখন, বাদ পড়ে যায় ভারতেরই বেশ কয়েকটি অংশ। কোন এক অজানা কারণে পাকিস্তানের অঙ্গ হিসেবে চিহ্নিত হয় উত্তর ২৪ পরগণা, মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার কয়েকটি অংশ। ফলে ১৯৪৭ সালের ১৪ আগস্ট স্বাধীন পাকিস্তানের পতাকা উড়েছিল ওই সমস্ত জায়গাগুলিতে। অন্যদিকে সমগ্র ভারতবর্ষে ১৫ আগস্ট স্বাধীনতার পতাকা উত্তোলন হয় এবং বঞ্চিত থাকে ওই এলাকাগুলি।

কিন্তু কেন ১৫ আগস্ট ওই সমস্ত এলাকায় স্বাধীন ভারতের পতাকা উড়ল না? এর নেপথ্যে রয়েছে ইতিহাস। যার ইতিহাস বিবরণ করেছেন বর্ধমান বিশ্ববিদ্যালের ইতিহাসের অধ্যাপক রাজর্ষি চক্রবর্তী। তার কথায়, "র‍্যাডক্লিফ সাহেবের হাতে ভার ছিল ভারত ও পাকিস্তানের সীমানা নির্ধারণের। র‍্যাডক্লিফ-এর খসড়া প্রস্তুতের সময় ঠিক হয় হিন্দু ও মুসলমান কোথায় কত সংখ্যায় বসবাস করছে, তার উপর নির্ভর করে এলাকা ভাগাভাগি হবে। আর সেই সম্পূর্ণ বিষয়টি দেখাশোনার ভার ছিল নেহরু, জিন্না, বল্লভভাই প্যাটেল, মহম্মদ আলি, শিখদের নেতা বলবন্ত সিংয়ের উপর। যাঁদের বলা হত বিগ বি। লর্ড মাউন্টব্যাটেন ও র‍্যাডক্লিফ, এরা আগে থেকেই বিগ বি-কে বলে দিয়েছিলেন, খসড়া সামনে আনার পর তার বিরোধিতা করা যাবে না। বিগ-বিও সেই প্রস্তাব মেনে নেয়।

তবে রাজর্ষি চক্রবর্তীর মতে, খসড়া আগে থেকে সামনে আনতে চায়নি ইংরেজরাই। কারণও তারা জানত; দেশভাগের পর সীমানা নিয়ে দুই দেশের মধ্যে সমস্যা হবে। আর তাই সেই সমস্যা মেটানোর দায় পড়বে দুই দেশের সরকারের উপর। তাই ইংরেজরা সেই দায় থেকে নিজেদের মুক্ত রাখতেই খসড়া আগে থেকে সামনে আনতে চায়নি। এরপর যথারীতি ক্ষমতা হস্তান্তরিত হয়। ১৪ অগাস্ট পাকিস্তান স্বাধীনতা দিবস পালন করে। আর সেই মতই ১৪ অগাস্ট উত্তর ২৪ পরগণা, মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার কয়েকটি অংশে ওড়ে পাকিস্তানের পতাকা। অধ্যাপক রাজর্ষি চক্রবর্তী মতে, খসড়া সামনে আনা না হলেও একথা সবাই জানতেন, মুসলিম অধ্যুষিত এলাকাগুলিকে পাকিস্তানের অন্তর্ভুক্ত করা হবে।

অন্যদিকে ১৫ অগাস্ট স্বাধীনতা দিবস উদযাপন করে ভারত। এদিকে ১৬ অগাস্ট মাউন্টব্যাটেন ও র‍্যাডক্লিফ সামনে আনেন পুরানো সেই খসড়া। সেখানে দেখা যায়, উত্তর ২৪ পরগণা, মালদা, মুর্শিদাবাদ ও নদিয়ার বেশ কিছু অংশকে তাঁরা ভারতের ভাগেই রেখেছেন। আবার তার মধ্যে হিন্দু অধ্যুষিত একটি জেলাকে বাংলাদেশের অন্তর্ভুক্ত করেছেন। যেহেতু সেই সময় যোগাযোগ ব্যবস্থা এত উন্নত ছিল না। তাই সাধারণ মানুষের কাছে সেই বার্তা পৌঁছতে দেরি হয়। ১৭ আগাস্ট মালদা, মুর্শিদাবাদ ও নদিয়ার একাংশের মানুষ জানতে পারেন, তাঁরা ভারতেরই অন্তর্ভুক্ত। তাই ১৮ অগাস্ট সেই সব জায়গাগুলিতে স্বাধীন ভারতের পতাকা ওড়ে। আর সেকারনেই এই সমস্ত বিস্তীর্ণ এলাকার মানুষ আজও ওই সব জায়গায় ১৫ ও ১৮ অগাস্ট স্বাধীনতা দিবস পালন করেন।

## জাতীয় কংগ্রেসের স্বাধীনতা দিবস উদ্‌যাপন

সার্বভৌম সমাচার ঃ ১৫ আগষ্ট মহাসমারোহে দেশের ৭৫ তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন করে চাঁদপাড়ার ঢাকুরিয়া গ্রামীন কংগ্রেস কমিটি। স্বাধীনতা দিবস উপলক্ষে চাঁদপাড়া স্টেশান পার্শ্বস্থ দলীয় কার্যালয়ে ফুলমালা ও পাতাকায় সাজানো হয়। প্রবীন কংগ্রেস নেতা শান্তিময় চক্রবর্ত্তীর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দলের প্রধান নেতৃবৃন্দের প্রতিকৃতিতে ফুল- মালা অর্পণ করে শ্রদ্ধা জানান দলীয় নেতা কর্মীগণ।

অন্যদিকে এদিন চাঁদপাড়া বাজারে বনগাঁ দক্ষিন বিধানসভা কার্যালয় প্রাঙ্গনে ব্লক সভাপতি পার্থপ্রতিম রায়ের নেতৃত্বে দলীয় নেতা কর্মীগণ যথাযোগ্য মর্যাদা সহকারে জাতীয় পতাকা উত্তোলন করে দিনটি উদ্‌যাপন করেন।

## ডুমা অঞ্চলে দুয়ারে সরকার কর্মসূচী



নীরেশ ভৌমিক ঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে ১৬ আগস্ট থেকে সারা রাজ্যে শুরু হল দুয়ারে সরকার কর্মসূচী। এদিন গাইঘাটা ব্লকের ডুমা অঞ্চলের প্রধান ছন্দা সরকারের ব্যবস্থাপনায় আয়োজিত এই প্রকল্পে গ্রাম পঞ্চায়েত ও ব্লকের কর্মীগণ অংশ গ্রহণ করেন। পঞ্চায়েত কার্যালয় পার্শ্বস্থ ছেকাটি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত প্রকল্পে অংশ নিতে অঞ্চলের বিভিন্ন গ্রামের মানুষজন উপস্থিত হন।

গ্রামবাসীগণ কন্যাশ্রী, রূপশ্রী, ঐক্যশ্রী, শিক্ষাশ্রী স্বাস্থ্যসাথী, খাদ্যসাথী, জয়জোহার, মানবিক, কৃষক বন্ধ, কৃষিজমির মিউটেশন, ব্যাঙ্কে নতুন এ্যাকাউন্ট খোলা, স্টুডেন্টস্ ক্রেডিটকার্ড, লক্ষ্মীভাণ্ডার ইত্যাদি প্রকল্পে সুবিধা পেতে দীর্ঘ লাইনে দাঁড়ান। তবে মুখ্যমন্ত্রীর জনপ্রিয় সর্বশেষ প্রকল্প লক্ষ্মী ভাণ্ডারকে ঘিরে গ্রামবাসী মহিলাদের মধ্যে বেশ আগ্রহ ও উচ্ছাস চোখে পড়ে। এদিনের দুয়ারে সরকার কর্মসূচীতে উপস্থিত হয়ে সাধারণ মানুষজন তাঁদের বিভিন্ন সমস্যা সমাধানে সকাল থেকে গুমোট গরমকে সহ্য করতে দীর্ঘ লাইনে দাঁড়ান। এদিনের সমগ্র কর্মসূচীকে সার্থক করে তুলতে প্রধান ছন্দা দেবী সহ ব্লকের বিডিও সঞ্জয় সেনাপতি, জয়েন্ট বিডিও কার্ত্তিক রায় প্রমুখ আধিকারিকগণ সহযোগিতার হাত বাড়িয়ে দেন। আসেন বনগাঁর এসডিপিও অশেষ বিক্রম দস্তিদার। যথেষ্ট পুলিশ বাহিনী ও সিভিক ভলান্টিয়ারগণ উপস্থিত থাকলেও অতিমারী করোনী প্রতিরোধে কোনও পদক্ষেপ চোখে পড়েনি। পঞ্চায়েত কর্মী অমর মজুমদার, আগামী ২৪ আগস্ট অঞ্চলে দ্বিতীয় দফায় দুয়ারে সরকার কর্মসূচী অনুষ্ঠিত হবে।

## চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েতে উদ্যোগে করোনা ভ্যাকসিন প্রদান

নীরেশ ভৌমিক ঃ গত ১৩ আগষ্ট করোনা প্রতিরোধে এলেকাবাসীর ফের ভ্যাকসিন দেওয়া হয় গ্রাম পঞ্চায়েত ভবনে। এদিন সকাল থেকে এলেকার শতাধিক পুরুষ ও মহিলা লাইন দিয়ে ভ্যাকসিন গ্রহন করেন। পঞ্চায়েত প্রধান দীপক দাস জানান, এদিন চাঁদপাড়া এলাকার ব্যবসায়ীদের করোনা টীকা প্রদান করা হয়েছে। ব্যবসায়ি ও সমাজকর্মী সাগর দাস ও জয়দেব বর্ধন জানান, আজ চাঁদপাড়ার বড় বাজার সেই সঙ্গে চাঁদপাড়া স্টেশান সংলগ্ন দুটি রেল বাজারের কতিপয় ব্যবসায়িকে ও করোনা ভ্যাকসিন দেওয়া হয়েছে। এদিন মোট ১৫০ জনকে টীকা প্রদান করা হয়েছে বলে সাগর বাবু আরোও জানান।

## শহীদ ক্ষুদিরাম স্মরণ মছলন্দপুরে

নীরেশ ভৌমিক ঃ ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের অমর শহীদ বীর ক্ষুদিরাম বসুর ১১৪ প্রয়ান দিবস যথাযোগ্য মর্যাদা সহকারে পালন করে মছলন্দপুরের অন্যতম সাংস্কৃতিক সংস্থা মনীষা ও ইমন মাইম সেন্টারের সদস্য-সদস্যাগণ। গত ১১ আগষ্ট মছলন্দপুরের ব্যস্ততম তিন রাস্তার মোড়ে মনীষা ও ইমন আয়োজিত ক্ষুদিরাম স্মরণ অনুষ্ঠানে উপস্থিত সকলে দেশের স্বাধীনতা আন্দোলনের শহীদ ক্ষুদিরাম বসুর প্রতিকৃতিতে ফুল- মালা অর্পণ করে শ্রদ্ধা জানান। পথ চলতি মানুষজনও আত্মবলিদান দিবসে অমর শহীদকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এদিন শহীর স্মরণ অনুষ্ঠানে বিশিষ্ঠজনদের মধ্যে ছিলেন বিশিষ্ঠ সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও মুকাভিনেতা ধীরাজ হাওলাদার, মনীষা সংস্থার সম্পাদক দেবব্রত বিশ্বাস, ছিলেন প্রবীন সাংবাদিক সঞ্জিত সাহা প্রমূখ।

## স্বাধীনতা দিবস উদ্‌যাপন রবীন্দ্র নাট্য সংস্থার

নীরেশ ভৌমিক ঃ গত ১৫ আগষ্ট দেশের ৭৫ তন স্বাধীনতা দিবস নানা অনুষ্ঠান ও কর্মসূচীর মদ্য দিয়ে উদ্‌যাপন করেহ নাটকের শহর গোবরডাঙ্গার অন্যতম নাট্যদল রবীন্দ্র নাট্য সংস্থা। এদিন সকালে সংস্থা প্রাঙ্গনে



জাতীয় পতাকা উত্তোলন করেন নাট্যদলের সভাপতি বিশ্বনাথ ভট্টাচার্য্য, স্বাধীনতা দিবসরে ইতিবৃত্ত তুলে ধরে বক্তব্য রাখেন বিশিষ্ঠ কবি ও লেখক পলাশ মণ্ডল। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে শিশু শিল্পী আলোকবর্তিকার কবিতা আবৃত্তি, আই ভি সান্যাল ও বিশিষ্ঠ আবৃত্তিকার সুবীর চট্টোপাধ্যায়ের আবৃত্তির অনুষ্ঠান, কবিতার নিত্যানন্দ মিস্ত্রী, রুমা সাহা, সাধনা মজুমদার, নৃত্যে স্মৃতি চক্রবর্তী, তিথি রায়, বিপ্লব বোস ও তন্ময় মণ্ডল প্রশংসার দাবি রাখেন।

সংস্থার সম্পাদক প্রদীপ ভট্টাচার্যের পরিচালনায় অনুষ্ঠিত মনোজ্ঞ অনুষ্ঠান সকলের ভালো লাগে। অনুষ্ঠান শেষে সংস্থার সকল সদস্য-সদস্যাগণ এলাকায় বৃক্ষরোপন কর্মসূচীতে অংশ গ্রহন করেন।

# বিশেষ রচনা


## ডায়াবেটিস রোগের যম তৈরীর প্রযুক্তি



অজয় মজুমদার


সারা বিশ্বজুড়ে ডায়াবেটিস নিয়ে খুব সমস্যায় পড়েছেন বিশ্ববাসী। তৃতীয় বিশ্বের কিছু উন্নয়নশীল দেশ ডায়াবেটিস রোগের তীর্থক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। কি করে এই রোগের মোকাবিলা করা সম্ভব। ডায়াবেটিস হল সাইলেন্ট কিলার। অর্থাৎ নীরবে ধীরে ধীরে মানুষের অঙ্গকে ধ্বংস করে। চোখ, হার্ট, কিডনি, লিভার সহজেই বিকল হয়ে পড়ে।

জেনেনটেক কোম্পানি জেনেটিক্স সার্জারী প্রযুক্তিতে ইনসুলিন তৈরি করতে সক্ষম হয়েছিল। ইনসুলিন হল হরমোন যা প্রোটিন দিয়ে তৈরি। এই হরমোনটি তৈরি হয় অগ্নাশয় কোশে। অগ্নাশয় কোষের মধ্যে নিউক্লিয়াস। নিউক্লিয়াসের মধ্যে ডিএনএ তন্তু। ডিএনএ তন্তুর মধ্যেই রয়েছে ইনসুলিন তৈরি জিন। ইনসুলিন তৈরি হয় ডিএনএ যন্ত্রাংশের সংকেত পেয়ে। এই খন্ডাংশেই হল জিন। জেনেটিক কোম্পানির বিজ্ঞানীরা ইনসুলিন তৈরির জিন আবিষ্কার করে ফেলেন। শুধু এইটুকু করেই ওরা থেমে থাকেননি। ডিএনএ থেকে ইনসুলিন



তৈরীর জিনটিকে পৃথক করতে সক্ষম হয়েছিলেন। সেই সঙ্গে ইশ্চিরিশিয়া কোলি ব্যাকটেরিয়ার প্লাজমিডকে পৃথক করে ফেললেন বহুখণ্ডে। ডিএনএ তন্তু ভীষণ বড়, সংখ্যায় একটিই যার নাম জিনোম ও দ্বিতীয় রকম গোল গোল ডিএনএ তন্তু সংখ্যায় অনেক, তবে আকারে ছোট।

এগুলিই হলো প্লাসমিড। এই ব্যাকটেরিয়ার দেহে দু'রকম ডিএনএ থাকে। জিনোম ও প্লাসমিড। এই দুটোর মধ্যেই জিন দেখা যায়। ব্যাকটেরিয়া দেহ থেকে পৃথক করা গোল গোল প্লামমিড যেন নানান জিনের ছোট ছোট মালা।



বিজ্ঞানীরা এই মালার এক জায়গায় কেটে তাতে মানুষের দেহ থেকে আগে থেকে পৃথক করা ইনসুলিন তৈরির জিনকে জুড়ে দিলেন। ফলে প্লাজমিড আগের মত গোলই থাকল। এবার তৈরি করা গেল নতুন ব্যাকটেরিয়া, ইনসুলিন তৈরি জিনকে জুড়ে দিলেন। ফলে প্লাস মিড আগের মতো গোলই থাকল। এবার তৈরি করা গেল নতুন ব্যাকটেরিয়া, যে ইনসুলিন তৈরির জিনকে জুড়ে দিলেন ফলে প্লাসমিড আগের মতোই থাকলো। এবার তৈরী করা গেল নতুন ব্যাকেটিরিয়া, যে ইনসুলিন তৈরী করতে সক্ষম। এইরকম সমাহার করেই নতুন জিন জুড়ে দিলেই রিকম্বিনেন্ট প্লাজমিড তৈরি হলো।

টেস্টটিউবে জেনেনটেক ল্যাবরেটরিতে তৈরী হল ইনসুলিন জিনের রিকম্বিনেন্ট প্লাসমিড। এবার প্লাসমিডের দলকে বিজ্ঞানীরা আবার আগের স্থানে ফিরিয়ে দিলেন। অর্থাৎ ব্যাকটিরিয়ার দেহে প্রবেশ করিয়ে দিলেন। এই ব্যাকটেরিয়াকে বড় বড় চৌবাচ্চায় চাষ করা হলো। ধীরে ধীরে রিকম্বিনেন্ট মানুষের ইনসুলিন তৈরির জিন বহনকারী ইশ্চিরিশিয়া কোলি ব্যাকটেরিয়া সংখ্যা বাড়তে থাকল। অর্থাৎ বংশবৃদ্ধি হতে থাকলো ওই চৌবাচ্চার মধ্যে। এইভাবে তৈরি ইনসুলিন মানুষের ইনসুলিনের সঙ্গে সম্পূর্ণ ভাবে মিশে গেল। এবার বিজ্ঞানীরা তরল খাবার থেকে ইনসুলিন কে পৃথক করে নিলেন ও এইভাবেই ইনজেকশন তৈরি হলো। বাজারে এলো মানুষের ইনসুলিন। মানুষের ইনসুলিন সৃষ্টিকারী জিন কে ব্যাকটেরিয়াতে প্রবেশ করিয়ে যে সুফল বিজ্ঞানীরা পেয়েছেন তা বিজ্ঞানে আসলে অনন্য। এই প্রযুক্তিকে আবার পজিটিভ ইউজেনিক্স বলা যেতে পারে।

## প্রচুর আগ্নেয়াস্ত্র ও নিষিদ্ধ তরল মাদকসহ ধৃত অস্ত্র ব্যবসায়ী ও তার সাগরেদ

সার্বভৌম সমাচার ঃ নিষিদ্ধ তরল মাদকসহ ও অস্ত্র সহ অস্ত্র ব্যবসায়ী ও তার সাগরেদকে গ্রেফতার করল গোপালনগর থানার পুলিশ। উদ্ধার হয়েছে ৩টি পিস্তল, ১টি বড় পাইপগান,৭ রাউন্ড গুলি, চারটি চোরাই মোবাইল ফোন ও ৮ লিটার নিষিদ্ধ তরল মাদক কোডাইন মিক্সচার। মঙ্গলবার গভীর রাতে গোপালনগর থানার নিমতলা এলাকা থেকে তাদের গ্রেপ্তার করে। পুলিশ জানিয়েছে,ধৃতদের নাম আইয়ুব আলী মীর। বাড়ি চাকদা থানার সড়কপুর। তার সহযোগীর নাম রণবীর চন্দ্র মন্ডল ওরফে রাজু। বাড়ি গাইঘাটা থানা জলেশ্বর আদিবাসী পাড়ায়। ধৃত আইয়ুব আলী কুখ্যাত দুষ্কৃতী বলে পরিচিত। তার বিরুদ্ধে গোপালনগর, চাকদহ থানাসহ নদীয়া জেলার বিভিন্ন থানায় একাধিক খুন, রাহাজানি ডাকাতি তোলাবাজি মাদকপাচারের অভিযোগ রয়েছে। মঙ্গলবার রাতে গোপালনগর থানার পুলিশ প্রথমে আইয়ুবকে বেলতা থেকে গ্রেপ্তার করে তাকে জেরা করে নিমতলা শ্মশান এলাকা থেকে রণবীর গ্রেফতার করে তাদের কাছ থেকে উদ্ধার হয় কোডাইন মিক্সচার ও আগ্নেয়াস্ত্র। জেরায় ধৃতরা জানায় তারা আগ্নেয়াস্ত্র-গুলি বিক্রি ও তরল মাদক বাংলাদেশ পাচারের উদ্দেশ্য নিয়ে নিমতলায় এলাকায় এসেছিল।

# গোবরডাঙ্গার সেবা সমিতির উদ্যোগে বৃদ্ধ-বৃদ্ধাদের ছানি অপারেশন

**নবনীতা সাহা ঃ** গোবরডাঙ্গার অন্যতম স্বেচ্ছাসেবি সংগঠন সেবা ফার্মার্স সমিতি সারা বছরই নানা ধরনের সেবা মূলক কাজকর্ম করে থাকে। গত ২৩ আগষ্ঠ তারা এলাকার দুস্থ পরিবারের ১১ জন দুস্থ অসহায় পরিবারের চোখের ছানি অপারেশানের ব্যবস্থা করে। হৃদয়পুর নেত্রালয়ে নির্বাচিত চক্ষুরোগীদের সম্পুর্ণ বিনা ব্যয়ে ছানি কাটানো হয়। অপারেশানের পর রোগীদের বাড়িতেও পৌছে দেয়। সমিতির সভাপতি হিমাদ্রি গোমস্তা ও অন্যতম সেবক গৌতম মিস্ত্রি জানান, বিনা খরচে শুধু অপারেশন নয়। দুস্থ রোগীদের নিয়মিত ড্রেসিং এবং সেই সঙ্গে ঔষধ ও পথ্যের ব্যবস্থা করা হয়। সমিতির এই মানবিক উদ্যোগকে এলেকাবাসী সাধুবাদ জানান।

# খেলা হবে দিবসে জয়ী চাঁদপাড়া যুব একাদশ

**নীরেশ ভৌমিক ঃ** রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ইচ্ছানুসারে ১৬ আগস্ট সারা রাজ্য, সেই সঙ্গে রাজ্যের বাইরেও সাড়ম্বরে খেলা দিবস উদ্‌যাপিত হয়। রাজ্যের প্রতিটি ব্লকে বিভিন্ন ক্লাব- সংগঠনের সদস্যগন এদিনের ফুটবল খেলাকে ঘিরে আনন্দে মেতে ওঠেন। গাইঘাটা ব্লকের যুব কল্যান দপ্তরের ব্যবস্থাপনায় চাঁদপাড়ার ঢাকুরিয়া হাইস্কুল মাঠে আয়োজিত ফুটবল প্রতিযোগিতায় চংাদপাড়া যুব একাদশ ঢাকুরিয়া যুব একাদশকে ২-১ গোলে পরাস্ত করে সরার শিরোপা অর্জন করে। এদিনের খেলা দিবসের অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন, গাইঘাটার বিডিও সঞ্জয় সেনাপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি গোবিন্দ দাস, সহ-সভাপতি ইলা বাক্‌চি, কর্মাধ্যক্ষ তাপসী ঘোষ, রাজশ্রী গুহ, বিজয় সরকার, সজল ঘোষ, সদস্যা অঞ্জনা বৈদ্য, গাইঘাটা থানার ওসি বলাই ঘোষ, শিক্ষক ও সমাজকর্মী শ্যামল বিশ্বাস, উত্তম লোধ, জয়দেব বর্ধন, দেবপ্রসাদ বালা ও শিক্ষক ড. অনুমপ দে, স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য কাজল ঘোষ, ছিলেন তৃণমূল নেত্রী আলো রানী সরকার, প্রমুখ। প্রতিযোগিতা শেষে বিজিত ও বিজয়ী দলের অধিনায়কদের হাতে সুদৃশ্য ট্রপি ও অংশ গ্রহনকারী প্রত্যেক খেলোয়াড়কে মেডেল তুলে দেন বিশিষ্ট জনেরা। এছাড়াও এদিন ব্লকের ১৫টি ক্লাবের প্রতিনিধির হাতে যুব কল্যান দফতরের পক্ষ থেকে ফুটবল তুলে দেওয়া হয়।

# শিক্ষার্থীদের বাড়ি বাড়ি ডেওপুল হাই স্কুলের শিক্ষকদের সম্পর্ক যাত্রা

**নীরেশ ভৌমিক ঃ** অতিমারী কোভিড-১৯ পরিস্থিতিতে দীর্ঘদিন বন্ধ স্কুলের পঠন পাঠন। দীর্ঘকাল পড়ুয়ারা স্কুলের না আসায় বন্ধ তাঁদের কোলাহল। অলনাইনে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ কিছু ক্লাশ নিলেও প্রত্যন্ত অঞ্চলের পিছিয়ে পড়া ছেলে মেয়েরা অনেকেই তাতে ঠিকভাবে অংশ নিতে পারছে না। দীর্ঘদিন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের দেখা না মেলায় মনমরা শিক্ষক কুলও। এহেন অবস্থায় গাইঘাটা ব্লকের ডেওপুল অধর মেমোরিয়াল হাইস্কুলের প্রধান শিক্ষক শিক্ষিকাগণ করোনা পরিস্থিতিতে পড়ুয়াদের অবস্থা সরজমিনে দেখতে পড়ুয়াদের বাড়ি বাড়ি যাবার সিদ্ধান্ত গ্রহন করেন। গত ১৪ আগষ্টি বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক শিক্ষিকা পাশ্ববর্তী কৈপুকুর গ্রামের শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে তাঁদের খোঁজ খবর নেন, অভিভাবকগণের নিকট পড়ুয়াদের সুবিধা অনুবিধার কথা শোনেন। ছাত্র-ছাত্রীদের হাতে খাতা, পেন, প্রয়োজনীয় মাক্স ও কিছু খাবার তুলে দেন।

# স্বাধীনতা দিবসে সাফাই অভিযান ঠাকুরনগর চলন্তিকার



**নীরেশ ভৌমিক ঃ** জাতীর ৭৫ তম স্বাধীনতা দিবস নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালন করেন ঠাকুরনগরের ঐতিহ্যবাহী চলন্তিকা শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানের সদস্যগণ।

এদিন সকালে সংস্থা প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন ও শহীদ স্মরণ অনুষ্ঠানের মধ্য দিয়ে নানা কর্মসূচীর সূচনা হয়। উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সভাপতি দীপক হাওলাদার, সহ সভাপতি সাবিত্রী রানা, সহ-সম্পাদক অনিমা বৈরাগী, গৌর চন্দ্র বিশ্বাস প্রমুখ।

স্বাধীনতা দিবসরে অনুষ্ঠান শেষে সংস্থার সকল সদস্য-সদস্যাগণ এলাকায় জঙ্গ ল ও আগাছা সাফাই অভিযানে সামিল হন। বর্ষার মরশুমে মশার উপদ্রব প্রতিরোধে চলন্তিকার সদস্যগণের এই মহতী উদ্যোগকে ডাঃ প্রদীপ দত্ত, মিঠুন মণ্ডল, রঞ্জিত প্রমুখ বিশিষ্ঠ ব্যক্তিবর্গ স্বাগত জানান।

# গাইঘাটায় তৃণমূলের নতুন সভাপতি শ্যামল বিশ্বাস ও শ্যামল সরকার

**নীরেশ ভৌমিক ঃ** চলতি সপ্তাহের শুরুতেই রাজ্যের অন্যান্য জেলার সাথে উত্তর ২৪ পরগণা জেলাতেও তৃনমূল কংগ্রেসের জেলা, মহাকুমা ও ব্লক কমিটি গঠিত হয়েছে।

গাইঘাটা ব্লক-১ পূর্বে নতুন সভাপতি পদে মনোনীত হলেন পঞ্চায়েত সমিতির বন ও ভূমি কর্মাধ্যক্ষ শ্যামল সরকার আর পশ্চিমে বিধান দাস সভাপতি পদে মনোনীত হয়েছেন প্রবীন শিক্ষক শ্যামল কুমার বিশ্বাস। শ্রী বিশ্বাস পূর্বতন ব্লক সভাপতি চিত্তরঞ্জন হালদারের স্থলাভিসিক্ত হলেন।

অন্যদিকে বনগ্রাম মহাকুমা কমিটির চেয়ারম্যান ও সভাপতি পদে মনোনীত হয়েছেন গোবরডাঙ্গার তৃনমূল নেতা শংকর দত্ত ও সদ্য সমাপ্ত রাজ্য বিধানসভা নির্বাচনে বনগাঁ দক্ষিণের তৃনমূল প্রার্থী অলোরানী সরকার। এই দুই নেতা নেত্রী মহাকুমার ৪টি বিধানসভা ক্ষেত্র দেখভাল করবেন বলে দলীয় সুত্রে জানা গেছে।

# গোবরডাঙ্গায় স্বাধীনতা দিবসে বৃক্ষ রোপন রূপান্তরের

**সঞ্জিত সাহা ঃ** ১৫ আগষ্ট যথাযোগ্য মর্যাদা সহকারে জাতির ৭৫ তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন এবং সেই সঙ্গে বৃক্ষরোপন উৎসবে অংশ গ্রহন করেন নাটকের শহর গোবরডাঙ্গার ঐতিহ্যবাহী রূপান্তর নাট্য দলের সদস্যরা এদিন সকালে সংস্থা প্রাঙ্গনে সংস্থার সভাপতি শশাঙ্ক শেখর দত্ত জাতীয় পতাকা উত্তোলন করেন। বর্ষিয়ান শিক্ষক ও পরিবেশ কর্মী নন্দদুলাল বসু মাউথ অরগ্যান বাজিয়ে উপস্থিত সকলের মন জয় করেন। মনোজ্ঞ অনুষ্ঠান শেষে নাট্যদলের সদস্যগণ গোবরডাঙ্গা শহরের বিভিন্ন এলাকায় বৃক্ষচারা রোপন করেন। সংস্থার সম্পাদক কিরণ সাঁতরা ও বিশিষ্ঠ নাট্য পরিচালক প্রতাপ সেন জানান, এই সমস্ত বৃক্ষ শিশুগুলো একদিন বড় হয়ে ধরিত্রীকে স্বচ্ছ ও নির্মল করে তুলবে এবং সেই সঙ্গে মানবজাতির বাঁচার জন্য একান্ত প্রয়োজনীয় অক্সিজেনের জোগান দিয়ে যাবে। যা উপলব্ধি করে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম বৃক্ষ চারা রোপন ও পরিচর্যায় আরোও উৎসাহী হবে বলে উদ্যোক্তারা জানান।

# সরানো হল জ্যোতিপ্রিয় মল্লিককে

প্রথমপাতার পর...

বারাসত সাংগঠনিক জেলার দায়িত্ব পেয়েছেন অশনি মুখার্জি এবং ব্যারাকপুর দমদম সাংগঠনিক জেলার দায়িত্ব পেয়েছেন পার্থ ভৌমিক।

জেলা সভাপতির পাশাপাশি রদবদল করা হয়েছে দলের শহর এবং ব্লক সভাপতির পদগুলিতেও। নীলদর্পণ ব্লকের নতুন সভাপতি হয়েছেন কালীপদ মন্ডল। গাইঘাটা পূর্ব, গাইঘাটা উত্তর, গাইঘাটা দক্ষিণ, গাইঘাটা ২, গোপালনগর ১ ও ২ এবং বাগদা পূর্বের সভাপতির দায়িত্ব পেয়েছেন যথাক্রমে শ্যামল সরকার, বিপ্লব দাস, তাপস ঘোষ, শ্যামল বিশ্বাস, সৌমেন দত্ত ও নিশিথ বালা এবং পরিতোষ সাহা।

সর্বোপরি নতুন বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি এবং চেয়ারম্যানের দায়িত্ব এখন থেকে সামলাবেন যথাক্রমে আলোরাণী সরকার এবং শঙ্কর দত্ত।

# করোনা ভ্যাকসিনের ফাকা ভায়েল

প্রথমপাতার পর...

এসডিপিও-র দপ্তর অন্যদিকে পরিবহন দপ্তর। পাশেই রয়েছে বনগাঁ মহকুমা আদালত। দৈনিক এই এলাকায় বহু মানুষ ও আধিকারিকেরা যাতায়াত করেন। সেই এলাকায় ভ্যাকসিনের ফাঁকা ভায়েল ও ব্যবহার করা সিরিঞ্জ পড়ে থাকতে দেখে আতঙ্কিত সাধারণ মানুষ থেকে আইনজীবীরা। তাদের বক্তব্য, ব্যবহার ব্যাবহারিত সিরিঞ্জ পরে রয়েছে দেখে সত্যিই অবাক লাগছে। প্রশাসনের সচেতন হওয়া দারকার ছিল। যারা ভ্যাসিন দিচ্ছে তাদের এই বিষয়টাও দেখা দরকার ছিল। বনগাঁ পৌরসভার প্রশাসক বলেন, "এটা একটা ষড়যন্ত্র। সরকারি নির্দেশ মেনে নিদিষ্ট যায়গাতে সিরিঞ্জ ও ফাঁক ভায়েল গুলি এনে নষ্ট করে দেওয়া হচ্ছে। কে বা



কারা সে গুলি কুড়িয়ে এনে ওখানে ফেলে প্রশাসনের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে।" ঘটনার খবর ছড়িয়ে পড়তেই বনগাঁ স্বাস্থ্য দফতরের কর্মীরা সিরিঞ্জ ও ফাঁকা ভায়েল গুলি নিয়ে যান। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন বনগাঁ মহকুমা শাসক।

করা সিরিঞ্জ ও ফাঁকা ভায়েল প্রশাসনের নষ্ট করে দেওয়ার কথা। কিন্তু এখানে কেন। এর থেকে বিভিন্ন রোগের সংক্রমণ ঘটতে পারে। অন্য কোন ক্ষতি হতে পারে। আইনজীবী দীপানঞ্জয় দত্ত বলেন, "একটা সরকারি দপ্তর। যেখানে প্রচুর মানুষের সমগম। সেখানে এই ভাবে

# সভাপতির পদ থেকেও সরানো হল শংকর আঢ্যকে

প্রথমপাতার পর...

যোগদান দিলীপবাবু। পরে কংগ্রেস ভেঙে তৃণমূল গঠিত হবার পর তিনি যোগ দেন তৃণমূলে। এরপর ২০০৫ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত টানা দশ বছর তৃণমূলের বনগাঁ শহর সভাপতির দায়িত্ব সামলেছেন। পুরসভার কাউন্সিলরও হন তিনি। বর্তমানে বনগাঁ মোটর ওনার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক এবং অল ইন্ডিয়া মোটর ট্রান্সপোর্ট কংগ্রেসের সহ সভাপতির দায়িত্ব সামলাচ্ছেন তিনি। পাশাপাশি রাজ্য তৃণমূল নেতৃত্ব এই নতুন দায়িত্ব দিল তাঁকে।

২০১৫ সালে শহর সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়ার পর সেভাবে রাজনীতির আঙিনায় দেখা যায়নি তাকে। তবে, ফের পুরনো পদ ফিরে পেয়ে নেত্রী মমতা ব্যানার্জী এবং অভিষেক ব্যানার্জীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন দিলীপবাবু।

# মেজাজ হারালেন শুভেন্দু

প্রথমপাতার পর...

দিনে চালু হবে। এটা দীর্ঘ প্রক্রিয়া। রুল রেগুলেশন তৈরি করতে সময় লাগছে।"

তবে এদিনের শহীদ যাত্রা সংবর্ধনা অনুষ্ঠান ছাপিয়েও কর্মী-সমর্থকদের আলোচনার বিষয়বস্তু অবশ্য হয়ে দাঁড়ায় বিজেপির অন্দরের কোন্দল। স্মরণ যাত্রায় ক্ষুব্ধ এক কর্মী বলেন, "দ্রুত এই কোন্দল বন্ধ করা না গেলে আগামী দিনে বিজেপি সংগঠন বনগাঁতে দুর্বল হয়ে পড়বে"।





তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী
ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তদোষ, প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।



পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

UTIITSL দ্বারা অনুমোদিত
UTI Infrastructure Technology And Services Limited
প্যান সার্ভিস সেন্টার
স্বল্প খরচে মাত্র ৭দিনেই প্যান কার্ড পান
Digital Signature
Authorised by Emudra
emudhra Trust Delivered
এখানে ডিজিট্যাল সিগ্‌নেচার এর জন্য যোগাযোগ করুন
আশীর্বাদ ডিটিপি এণ্ড জেরক্স
কোর্ট রোড, বনগাঁ, উত্তর ২৪ পরগণা ☎ ৯২৩২৬৩৩৮৯৯

# ভারতীয় দলকে উত্তেজিত করে ভুল করেছে ইংল্যান্ড বলছেন - ভন

**শ্রমণ দে :** ক্রিকেটের মক্কায় ১৫১ রানে ইংল্যান্ডকে হারায় ভারত। প্রাক্তন ইংল্যান্ড তারকা মাইকেল ভন মনে করেন এই হারের পর গোটা সিরিজে ইংল্যান্ড দল আর কামব্যাক করতে পারবে না। তিনি মনে করেন এরম উত্তেজনা পূর্ণ ম্যাচের শেষ দিনে ভারতের জয় বিরাট কোহলিদের প্রচন্ডভাবে উত্তেজিত করবে।সিরিজের পরবর্তী ম্যাচ গুলোতে এর প্রভাব পড়বে।




লর্ডসে পঞ্চম দিন শুরু হওয়ার আগে অবধি মনে করা হচ্ছিল ম্যাচ ইংল্যান্ড জিতে যাবে এবং ঘরের মাঠে ৫ ম্যাচের সিরিজে ১-০ লিড নেবে তারা। চতুর্থ দিনের শেষে ভারতের রান ছিল ১৮১-৬। তথাকথিত ব্যাটসম্যান বলতে ছিলেন শুধু ঋষভ পন্থ। তাকেও দিনের শুরুতে আউট করে ড্রেসিংরুমের রাস্তা দেখিয়ে দেন রবিনসন।তারপরেই শুরু হয় শামি - বুমরাহ যুগলবন্দী। সেখান থেকেই কামব্যাক করে ভারত।

পঞ্চম দিনে লাঞ্চের পরই ডিক্লেয়ার করে দেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। ২৭২ রানের লক্ষ্যমাত্রা নিয়ে মাঠে নামেন ইংল্যান্ড দল। কিন্তু ভারতের আগুনে পেস বোলিং এর সামনে পুড়ে ছারখার হয়ে যায় ইংল্যান্ড ব্যাটিং। একপ্রকারের অসহায় আত্মসমর্পণ করে ইংল্যান্ড দল। ৫২ ওভারে মাত্র ১২০ রান করে অলআউট হয়ে যায় তারা। ৫ ম্যাচের সিরিজে ভারত ১-০ এর লিড নিয়ে নেয়।ইংল্যান্ড ক্যাম্প থেকে যে স্লেজিং চলছিল গত দুদিন ধরে, তার বদলা নিল ভারতীয় দল। ভন মনে করেন ইংল্যান্ড ভারতীয় দলকে উত্তেজিত করে দিয়েছে। এই পরিস্থিতি থেকে সিরিজ জেতার জন্য ইংল্যান্ড দলকে নিজেদের সেরা দিতেই হবে। এই লড়াই সহজ হবে না বলে মনে করেন ভন। এই সবকিছু শুরু হয় অ্যান্ডারসনের ব্যাটিংয়ের সময়। বুমরাহ এই ইংলিশ বোলারের গা লক্ষ্য করে বাউন্সার দিতে থাকেন। জবাবে বুমরাহ ব্যাট করতে এলে তাকেও বাউন্সার করতে থাকেন ইংল্যান্ড বোলাররা। সঙ্গে চলতে থাকে স্লেজিং।

এর জবাবেই উত্তেজিত হয়ে চতুর্থ ইনিংসে ভারতের সব খেলোয়াড় ইংল্যান্ডের সব ব্যাটসম্যানকে স্লেজিং করে। বিশেষ করে ভারতীয় ক্যাপ্টেন বিরাট কোহলির আক্রমনাত্মক ভঙ্গি ভারতীয় বোলারদের আরো বেশি উজ্জীবিত করে তোলে। ম্যাচের সেরা রাহুলের কথাতে স্পষ্ট বোঝা যায়। রাহুল বলেন 'আমাদের একজনকে কেউ আক্রমন করলে আমরা ১১জন মিলে তাকে প্রতিআক্রমন করব।' ইংল্যান্ডের হয়ে ৮২ টি টেস্ট ম্যাচ খেলা ভন মনে করেন পঞ্চমদিনের সকালে শামি এবং বুমরাহকে পার্টনারশিপ গড়তেই দেওয়াই জো রুটদের সবচেয়ে বড় ভুল হয়েছে।

তিনি মনে করেন ' ভারতীয় বোলারদের মধ্যে চাপ সৃষ্টি করতে হত তখন।অফ স্টাম্পের বাইরে বল করতে পারত ইংল্যান্ড বোলাররা।কিন্তু তা না করে তারা শর্ট বল করে গেল।' ইংল্যান্ড অধিনায়ক জো রুট এবং জেমস অ্যান্ডারসনকে তিনি দায়ী করেছেন সবচেয়ে বেশি। পাশাপাশি স্লেজিং ব্যাপারটা ইংল্যান্ডের বিপক্ষে গিয়েছে পরিষ্কার জানিয়েছেন প্রাক্তন অধিনায়ক।

# কপিল দেব ও ধোনির পর লর্ডস জয়ের দাবীদার ক্যাপ্টেন কোহলি




শ্রমণ দে : এ যেন এক স্বপ্নের সন্ধানে নেমে পড়া পথিকের একটার পর একটা বাস্তবায়নের স্বাদ! তরুণ তুর্কি সম্বলিত এক ভারতীয় দলের কাছে "হোম অফ ক্রিকেট"-এ হার মানল ইংরেজরা। সিরাজের ক্রস সিম ডেলিভারিটা পিচে পড়বার সাথে-সাথেই তীরবেগে স্পর্শ করল জেমস অ্যান্ডারসনের পিছনে থাকা অফস্ট্যাম্প! হতাশ প্রবীণের সামনে আনন্দে মাতোয়ারা এক হায়দ্রাবাদী তরুণ যে কিছু মাস আগে সয়েছে নিজের বাবার মৃত্যু।

বুমরার স্লোয়ার বলে ওলি রবিনসনের এলবিডব্লিউ, জস বাটলারের কট বিহাইন্ড, সব ছাপিয়ে গেল অ্যান্ডারসনের ক্লিন বোল্ড হবার মুহুর্ত।

# পিছিয়ে পড়া শিশুদের পাশে বনগাঁর পড়ুয়ারা



**সায়ন ঘোষ, বনগাঁ :** নিজেদের হাত খরচের টাকা জমিয়ে, পিছিয়ে পরা শিশুদের একবেলার খাবার তুলে দিতে এগিয়ে এলেন উত্তর ২৪ পরগণা জেলার বনগাঁর একদল পড়ুয়া। সোমবার বনগাঁ ছয়ঘরিয়ার গীর্জা সংলগ্ন এলাকার শিশুদের হাতে খাবারের পাশাপাশি মাস্ক তুলে দেন তাঁরা। এদিন শিশুদের সংখ্যা ছিল প্রায় দুই শতাধিক। পড়ুয়াদের পক্ষ থেকে প্রিয়, সুদীপ্ত, শিবম, সুরাজ, চিরঞ্জিত, শুভজ্যোতি, রিতম জানান, "আমরা কোনো সংগঠনের কর্মী নই, আমরা সবাই বন্ধু। সাধারণ মানুষের পাশে দাঁড়ানোর জন্য সরকারি রেজিষ্ট্রেশন এর প্রয়োজন হয়না বলে আমরা মনে করি। তবে আগামীতে প্রয়োজন হলে ভেবে দেখবো। আজ ছয়ঘরিয়া গীর্জার আসে পাশের প্রায় ২০০ জন শিশু সহ বৃদ্ধদের হাতে খাবার তুলে দিতে পেরেছি আমরা।" পড়ুয়াদের এমন উদ্যোগে খুশি এলাকার সাধারন মানুষ।

নিউ পি.সি. জুয়েলার্স
BIS-916
যশোর রোড, বাটার মোড় (বনশ্রী সিনেমা হলের সামনে), বনগাঁ।
ও
নিউ পি.সি. জুয়েলার্স ব্রাঞ্চ
লোকনাথ মার্কেট (দ্বিতলে), যশোহর রোড, কুমুদিনী স্কুলের বিপরীতে
এখানে G Pay পে Paytm ছাড়াও আরও অন্যান্য অ্যাপ এর মাধ্যমে পেমেন্ট নেওয়ার সুবিধা আছে।
আমাদের এখানে পুরাতন সোনা ক্রয় করা হয় *(শর্ত সাপেক্ষ)
নিউ পি.সি. জুয়েলার্স এই প্রথমবার বনগাঁতে সর্ব-ধর্ম সম্প্রদায়ের মানুষের জন্য নিয়ে এসেছে ২০০/-টাকা থেকে রুপোর ও ২,৫০০/- টাকাতে সোনার আকর্ষণীয় উপহার যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশীও করতে পারবেন এবং তার পরিবর্তে মূল্যও আছে। প্রতিটি ক্রয়ের সঙ্গে থাকছে নির্দিষ্ট বোনাস পয়েন্ট, যার বিনিময়ে বছর শেষে পাবেন পছন্দের গহনা।
কর্মখালি
বনগাঁতে নিউ পি.সি. জুয়েলার্স-এর Show Room-এর জন্য সুদক্ষ ও ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সোনা, রুপো, হীরে ও গ্রহরত্নের Salesman, এবং সুদক্ষ কারিগররাও যোগাযোগ করুন। আগ্রহীরা যোগাযোগ করুন নিজের ID Proof ও Biodata (1copy ছবি) সহ। সোমবার থেকে শুক্রবার দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে যোগাযোগ করুন উল্লিখিত ঠিকানাতে। অথবা 8250337934 নম্বরে WhatsApp করেও আপনাদের Biodata পাঠিয়ে দিতে পারেন।
আমাদের জ্যোতিষ বিভাগ ঃ সোম, বুধ ও শুক্রবার প্রখ্যাত জ্যোতিষী সুদীপ আচার্য-এর সাক্ষাতের জন্য অগ্রিম যোগাযোগ করুন 7365052814 নম্বরে।
আমাদের গহনার মজুরী সবার থেকে কম
নিউ পি.সি. জুয়েলার্স এই প্রথমবার বনগাঁতে নিয়ে এসেছে আপনাদের জন্য একটি নতুন সংযোজন **'নিউ পি.সি. রত্নকুবের'** যেখানে এক ছাদের তলাতে আপনি সুদক্ষ জ্যোতিষীর দ্বারা ভাগ্য বিচার করে তাদের পরামর্শ মতো সমস্ত Certified গ্রহরত্ন পেয়ে যাবেন। নিউ পি.সি. জুয়েলার্স মানেই সোনা, রুপো, হীরে ও অন্যান্য গ্রহরত্নের বিশাল সম্ভার। নিউ পি.সি. জুয়েলার্স দিচ্ছে হীরে সহ অন্যান্য গ্রহরত্নে ২০% ছাড় ও সার্টিফিকেট। প্রতিটি গ্রহরত্ন ব্যবহারের পরেও ফেরৎ দিলে তার মূল্য পাওয়া যাবে।
বিঃ দ্রঃ—এখানে সমস্ত গ্রহরত্ন পাইকারী বিক্রয়ের সু-ব্যবস্থা আছে।
আমাদের শো-রুম প্রতিদিন খোলা।

আচার্য্যে দণ্ডে গ্রহদোষ খণ্ডে
পশ্চিমবঙ্গ তথা ভারতের আলোড়ন সৃষ্টিকারী ভারতীয় জ্যোতিষ শাস্ত্রের কিংবদন্তি গবেষক
জ্যোতিষ রত্ন শ্রী সঞ্জীব আচার্য্য (স্বর্ণপদক প্রাপ্ত)
M.W.AS (Gold), M.A., M.O.P., M.H.B.T. (Kol)
চেম্বার ঃ (বনগাঁ) গ্রহরাজ জ্যোতিষ কার্য্যালয়
আমলাপাড়া, চম্পক সরণী, বনগাঁ, উত্তর ২৪ পরগণা (শনি মন্দিরে পাশে)
সাক্ষাৎ ঃ প্রতি সোম, মঙ্গল, বুধবার সকাল ১১টা থেকে ২টা এবং বিকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত।
চেম্বার ঃ (বাগদা) ঃ অজিত দত্ত স্মৃতি ভবন
(দত্ত লজ, দোতলায়), বাগদা, পুরাতন বাজার, বাসস্ট্যাণ্ড, বাগদা রোড, উত্তর ২৪ পরগণা।
সাক্ষাৎ ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা। বুকিং ঃ 9992372644 / 7699295474

HD
ভিডিও বিজ্ঞাপন ও ডিজিটাল অডিও প্রচার ক্যাসেট-এর জন্য আসুন
সবিতা এ্যাড় এজেন্সী
M. : 9474743020, 8759741240
২নং রেলগেট, বনগাঁ, উত্তর ২৪ পরগণা।

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

# শিল্পীদের ভ্যাকসিন দিল পৌরসভা

প্রথমপাতার পর...

দুপুরে পৌর ভবনে তাদের ভ্যাকসিন দিলেন স্বাস্থ্যকর্মীরা। ভ্যাকসিন দেওয়ায় তদারকি করলেন পৌর প্রশাসক গোপাল শেঠ। পৌরসভার পক্ষ থেকে জানানো হয়েছে, বনগাঁ পৌরসভা এলাকায় বসবাসকারী ৩০০ জন ঢাকি পূজারী ও মৃৎশিল্পীদের এদিন কোভ্যাকসিনের এর প্রথম ডোজ দেওয়া হল। পৌর প্রশাসক গোপাল শেঠ বলেন" বনগায় অনেক বড় দুর্গা পুজো হয়। সে দিকে তাকিয়ে আমরা আজ কো ভেকসিন দিচ্ছি আবার ঠিক ২৮ দিনের মাথায় দ্বিতীয় ডোজ দিয়ে দেব যাতে পুজোমণ্ডপে গিয়ে কোন অসুবিধা না হয়। অন্যরা যাতে আক্রান্ত না হয়। এদিন পৌরসভায় ভ্যাকসিন নিতে এসে ঢাক বাজিয়ে আনন্দের প্রকাশ করলেন ঢাকিরা।পৌর কর্মীদের দুই হাত তুলে আশীর্বাদ করলেন পুরোহিতরা।তাদের বক্তব্য,সামনে পূজোর মাস। করোনা আবহে আতঙ্কের মধ্যে রয়েছি। আমাদের ভ্যাকসিনটা খুবই প্রয়োজনীয় ছিল। বনগাঁ পৌরসভা ভ্যাকসিনের ব্যাবস্থা করল।"

সার্বভৌম সমাচার
বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at Kumar Press at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in, **Editor- Utpal Mallick**